

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
জলঢাকা, নীলফামারী।
www.youth.jaldhaka.nilphamari.gov.bd

নম্বর-৩৪.০১.৭৩৩৬.০০০.১৮.০০১.২১- ৩৩২


তারিখঃ ১৯/১১/২০২৩ খ্রিঃ।

কম্পিউটার এন্ড নেটওয়ার্কিং বিষয়ক প্রশিক্ষণ কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা নীলফামারী জেলার জলঢাকা উপজেলার স্থানীয় শিক্ষিত বেকার যুব ও যুব নারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হুউলস ফর আন্ডারপ্রিভিলেজড রুরাল ইয়ং পিপল অব বাংলাদেশ (টেকাব-২য় পর্যায়) শীর্ষক প্রকল্পের আওতায় জানুয়ারি-ফেব্রুয়ারি ২০২৪, ০২ (দুই) মাস মেয়াদী ভ্রাম্যমান কম্পিউটার ভ্যানে “কম্পিউটার এন্ড নেটওয়ার্কিং বিষয়ক” প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়েছে। ভর্তি ইচ্ছুক আগ্রহী প্রশিক্ষণার্থীদের নিকট থেকে নির্ধারিত ফরমে নিম্নবর্ণিত সময়ে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, জলঢাকা, নীলফামারীতে আবেদনপত্র জমা দেওয়ার জন্য বলা হলো।
আবেদনের সময় সীমা ২০/১১/২০২৩ খ্রিঃ ইং হতে ২০/১২/২০২৩ খ্রিঃ ইং তারিখ সকাল ৯.০০ টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত।

আবেদনের শর্তাবলী নিম্নরূপঃ

- ১। আবেদনপত্র ১ কপি (যুব উন্নয়ন অফিস থেকে বিনা মূল্যে আবেদনপত্র সংগ্রহ করতে হবে)
- ২। শিক্ষাগত যোগ্যতা হবে এইচ এস সি পাস যুবক ও এস এস সি পাস যুব নারী।
- ৩। জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনের ০১ (এক) কপি (সত্যায়িত অনুলিপি)
- ৪। শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ০১ (এক) কপি (সত্যায়িত অনুলিপি)
- ৫। পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবি (সত্যায়িত)।
- ৬। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
- ৭। প্রার্থীর বয়স ২০/১১/২০২৩ খ্রিঃ ইং তারিখ পর্যন্ত ১৮-৩৫ বছরের মধ্যে হতে হবে।
- ৮। অসম্পূর্ণ আবেদন পত্র বাতিল বলে গন্য হবে।
- ৯। কোন কারন দর্শানো ব্যতিরেকে উর্দ্ধতন কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি বাতিল অথবা পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১০। সাক্ষাৎকারের সময় ২৪/১২/২০২৩ খ্রিঃ ইং রোজ রবিবার সকাল ১০.০০ ঘটিকার সময় উপজেলা পরিষদ হলরুম, জলঢাকা, নীলফামারীতে অনুষ্ঠিত হবে। সাক্ষাৎকারের সময় প্রার্থীদের মূল কাগজপত্র সঙ্গে আনতে হবে এবং প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।



(মোঃ ময়নুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা যাচাই বাছাই কমিটি
টেকাব ২য় পর্যায় প্রকল্প
জলঢাকা, নীলফামারী।


19.11.23